

ক্যান্টনমেন্ট প্রশাসন
বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং-২৩.২২.৭০১৮.০০৪.৫৬.০০২.২০. ২৪৫.

তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৭ বঙ্গ
০৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ

দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস ক্যান্টনমেন্ট বোর্ড বাজারের বিল্ডিং এর পাকা দোকান ও টিনশেড দোকানের জন্য নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। www.rcb.gov.bd ওয়েবসাইট হতে নির্ধারিত সিডিউল ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করত তা কেবলমাত্র বন্ধ খামে ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখ ১২:০০ ঘটিকার মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, রংপুর সেনানিবাসে রক্ষিত দরপত্র বাস্তবে দোকান নম্বর উল্লেখ পূর্বক দরপত্র জমা করা যাবে। ঐ দিনই বেলা ১২:৩০ টায় সেনানিবাস সচিব ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, রংপুর সেনানিবাস, গ্যারিশন ডিউটি অফিসার (জিডিও) এবং উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।

ক্র/নং	মার্কেট/ভবনের নাম	তলা	দোকান নম্বর	দোকানের সংখ্যা	সরকারী মূল্য	মন্তব্য
০১।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	নিচতলা	৫৪,৫৫,৫৬,৫৭,৫৮	০৫ টি	২,০০,০০০.০০	
০২।	ক্যান্টনমেন্ট বোর্ড বাজার (নতুন বিল্ডিং) বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস।	২য় তলা	৫৯,৬০,৬১,৬২,৬৩ ৬৪,৬৫,৬৬,৬৭,৬৮	১০ টি	২,০০,০০০.০০	
০৩।	টিনশেড দোকান (পূর্ব পাশে)		৩১,৩৩,৩৪,৩৫,৩৬ ৩৭	০৬ টি	১,০০,০০০.০০	
০৪।	টিনশেড দোকান (নতুন বিল্ডিং এর সামনে)		৪১,৪২,৪৩,৪৪ ৪৫,৪৬	০৬ টি	১,০০,০০০.০০	

শর্তাবলি :

(ক)	প্রত্যেক আবেদনকারীকে www.rcb.gov.bd ওয়েবসাইট হতে সিডিউল ফরম সংগ্রহ করে ফরমের মূল্য বাবদ ২০০/-টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ সিডিউল ফরম বাতিল বলে গণ্য হবে।
(খ)	আবেদনকারীগণকে আনুমানিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তপসীলি ব্যাংকের যেকোন শাখা হতে 'ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস'-এর অনুকূলে ক্রয়কৃত) সিডিউল ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
(গ)	কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য সিডিউল ফরম সংগ্রহ ও দাখিল করতে পারবেন।
(ঘ)	জাতীয় পরিচয়পত্র ফটোকপি/জন্ম সনদের ফটোকপি/পাসপোর্টের ফটোকপি/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।
(ঙ)	সিডিউল ফরমের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
(চ)	সাময়িক বরাদ্দ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরদাতা কর্তৃক প্রদত্ত আনুমানিক =৩০,০০০/-টাকা বাদে অবশিষ্ট অর্থ অত্র বোর্ডে জমা করতে হবে। অন্যথায়, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার-এর অনুকূলে আনুমানিক বাবদ প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
(ছ)	ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি ব্যতিরিক্ত বরাদ্দ প্রাপক দোকান অন্য কারও নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া প্রদান করা যাবে না।
(জ)	দোকান বরাদ্দ পাওয়ার পর মাসিক নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে ও যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ এবং চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
(ঝ)	অন্যান্য শর্তাবলী বরাদ্দপত্র/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবেন।
(ঞ)	কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(ট)	দোকান বরাদ্দ/ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় ক্যান্টনমেন্ট বোর্ড বাজার খোলাহাটীর দোকান ইজারা/বরাদ্দের নীতিমালা-২০১৯ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সেনানিবাস সংশ্লিষ্ট আইন ও বিধি দ্বারা পরিচালিত হবে।

২৩/০৯/২০২০

মোছাঃ আলিয়া ফেরদৌস জাহান
সেনানিবাস সচিব
ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
রংপুর সেনানিবাস।
ফোন : ০৫২১-৬২৩০৪